আমাকে আমার সফলতা দ্বারা বিচার করো না, ব্যর্থতা থেকে কতবার আমি ঘুরে দাঁড়িয়েছি তা দিয়ে আমার বিচার কর।
- নেলসন ম্যান্ডেলা
সৌজন্যে:
সাতক্ষীরা প্রি-ক্যাডেট স্কুল
প্রতিষ্ঠাতা : মোঃ আনিসুর রহিম
আশরাফ ভবন, মুনজিতপুর, সাতক্ষীরা।

একটি নিরপেক্ষ সংবাদপত্র
দৈনিক
# পত্রদূত
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব শহীদ স. ম আলাউদ্দীন

মেসার্স এস এ
প্রথম শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান
এস্কেভেটর মেশিন ভাড়া দেওয়া হয়
ইটাগাছা, সাতক্ষীরা ॥ আব্দুস

৩০ বর্ষ □ ৯৯ সংখ্যা □ শুক্রবার ১০ মে ২০২৪ □ ২৭ বৈশাখ ১৪৩১ □ ০১ জিলক্বদ ১৪৪৫ □ রেজিঃ নং কে, এন ৩৫৯, মূল্য : তিন টাকা □ patradootsatkhira@gmail.com □ webs



নিহত কিশোর শিমুল হোসেন - পত্রদূত

# যতক্ষণ দেশবাসী পাশে আছে, কাউকে পরোয়া করি না: শেখ হাসিনা



জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের সমাপনী ভাষণ দিচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা- পত্রদূত

ন্যাশনাল ডেস্ক: জনগণের জন্য কাজ করে যাচ্ছেন উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণের শক্তি নিয়ে আমি চলি। আমি তাদের জন্য কাজ করি। জনগণের মাঝে একটা আস্থা তৈরি হয়েছে। ওই আস্থা ও বিশ্বাসই আমার একমাত্র সম্বল। এই সম্বল নিয়ে আমি চলি। এজন্য কাউকে পরোয়া করি না। যতক্ষণ আমার দেশবাসী পাশে আছে, কাউকে পরোয়া করি না। সমালোচনা করে জনগণ থেকে আমাকে দূরে সরাতে পারবেন না।

বৃহস্পতিবার (৯ মে) দ্বাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

বিএনপির প্রতি ইঙ্গিত করে প্রধানমন্ত্রী বলেন, মানুষের কল্যাণে কী করণীয় সেদিকে লক্ষ্য রেখেই আমরা কাজ করি। দেশের কল্যাণে আমরা কাজ করে যাচ্ছি। ভোগ করবেন সবাই, আর কথায় কথায় ব্যাঙ্গ করবেন, আর প্রশ্ন তুলবেন! প্রশ্ন তোলার আগে নিজেরা কী করেছেন? কোন দল করেন? সেই দলের বৃত্তান্ত থেকে শুরু করে অপকর্মগুলো একটু চিন্তা করে নেবেন।

বঙ্গবন্ধুর বিরুদ্ধেও সমালোচনা হয়েছিল: বঙ্গবন্ধুর বিরুদ্ধেও এ ধরনের সমালোচনা হয়েছিল উল্লেখ করে বঙ্গবন্ধুকন্যা বলেন, আমার বাবার সঙ্গেও একটি জিনিস হয়েছে। যতগুলো কাজ তিনি করে গেছেন, তারপরও তার সমালোচনা। তার বিরুদ্ধে নানা কথা। নানা লেখা। অনেক কিছু করে তাকে জনগণ থেকে বিচ্ছিন্ন করার চেষ্টা হয়েছে। যখন পারেনি, তখন হত্যা করা হয়েছে। আমাকে তো হত্যার জন্য বার বার চেষ্টা করা হয়েছে। আমি এখন জনগণের জন্য কাজ করে যাচ্ছি।

জিয়াউর রহমানের সময়ে দেশে এলিট শ্রেণি সৃষ্টি করা হয়েছিল উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, আজ যে কথায় আসে ঋণখেলাপি, এই সংস্কৃতি কখন শুরু হয়েছিল? ওই জিয়াউর রহমান যখন অবৈধ ক্ষমতা দখল করে, ক্ষমতা কুক্ষিগত করে সেই সময় থেকে। যার ধারাবাহিকতা আমরা দেখেছি এরশাদ ও খালেদা জিয়ার আমলে। সেখান থেকে এখনও পূর্ণমুক্তি পাওয়া যায়নি। এটাই হলো বাস্তবতা। তারপরও আমাদের প্রচেষ্টা আছে।

গণতন্ত্রের প্রবক্তা হয়ে গেছে অনেকেই: তিনি বলেন, আজ অনেকেই গণতন্ত্রের কথা বলে। গণতন্ত্রের প্রবক্তা হয়ে গেছে অনেকেই। - ৩ পাতায় ৭ কলাম

## কালিগঞ্জে বজ্রপাতে কিশোরের মৃত্যু

বিশেষ প্রতিনিধি: সাতক্ষীরার কালিগঞ্জে বজ্রপাতে শিমুল হোসেন নামে এক কিশোরের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (৯মে) বেলা দেড়টার দিকে উপজেলার কৃষ্ণনগর ইউনিয়নের রামনগর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শিমুল হোসেন (১৪) রামনগর গ্রামের এশার আলী কাওচীর ছেলে। স্থানীয় ইউপি সদস্য সাইফুর রহমান জানান, ইটভাটা শ্রমিক শিমুল হোসেন বৃহস্পতিবার দুপুরে বৃষ্টি শুরু হওয়ায় বাড়ির পার্শ্ববর্তী বিলে ছাগল আনতে যায়। এসময় বজ্রপাত হলে ঘটনাস্থলেই মৃত্যু হয় শিমুল হোসেনের। বজ্রপাতে মৃত্যুর বিষয়টি থানায় অবগত করা হয়েছে বলে জানান ওই ইউপি সদস্য। কালিগঞ্জ থানার অফিসার ইনচার্জ মো. শাহিন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।


## ৬ জুন বাজেট ঘোষণা

ন্যাশনাল ডেস্ক: আগামী ৬ জুন ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রস্তাব সংসদে পেশ করা হবে বলে আশা করা হচ্ছে। এদিন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী জাতীয় বাজেট উত্থাপন করবেন।

অর্থ মন্ত্রণালয়ের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা বলেন, 'আগামী ৬ জুন, ২০২৪-২৫ অর্থবছরের বাজেট উত্থাপনের দিন নির্ধারণ করা হয়েছে। বাজেট পেশের দিনক্ষণ ঠিক করে ইতোমধ্যে কর্মকর্তাদের দায়িত্ব বন্টন করে দেওয়া হয়েছে।' অর্থ বিভাগ সূত্র জানায়, ২০২৪-২৫ অর্থবছরের বাজেট হবে প্রায় ৮ লাখ কোটি টাকার, যা হবে বাংলাদেশের ইতিহাসে সর্বোচ্চ আকারের বাজেট। এবারের বাজেটে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বা মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ সর্বোচ্চ অগ্রাধিকার পচ্ছে বলে ওই কর্মকর্তা জানান।

## প্রধানমন্ত্রী আজ টুঙ্গিপাড়ায় যাচ্ছেন

ন্যাশনাল ডেস্ক: একদিনের ব্যক্তিগত সফরে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার বেলা ১১টায় হেলিকপ্টারযোগে টুঙ্গিপাড়ার উদ্দেশে রওনা হওয়ার - ৩ পাতায় ৩ কলাম



শ্যামনগর উপজেলার ঝুকিপূর্ণ বন্যতলা
উপজেলার ১টি গ্রাম ও আশাশুনি উপ
প্লাবিত হওয়ার আশঙ্কা - পত্রদূত

## খোলপেটুয়া নদীর পয়েন্টে বালুভর্তি

সংবাদদাতা: বেড়িবাঁধের বালুভর্তি জিও বস্তায় ফাটল! জোয়ার ভাটার তুফানের আঘাতে আঘাতে নদীগর্ভে যাচ্ছে জিও বস্তার বালু। হুমকির মুখে চোরা বালুর বেড়িবাঁধ। উদ্বিগ্ন ও আতঙ্কিত এলাকাবাসী। এ যেন দেখার কেউ নেই! এটি শ্যামনগর উপজেলার পদ্মপুকুর ইউনিয়নের বন্যতলা গ্রামের খোলপেটুয়া নদীর বন্যতলা ক্লোজার পয়েন্টের ঝুঁকিপূর্ণ বেড়িবাঁধের চিত্র। শ্যামনগর পদ্মপুকুর ইউনিয়নের বন্যতলা ও আশাশুনির প্রতাপনগর বন্যতলার সীমানায় খোলপেটুয়া নদীর মোহনার ঝুঁকিপূর্ণ বেড়িবাঁধটি ২০২০

## ভোমরা স্থলবন্দর দিয়ে মসুর ডাল আমদানি বেড়েছে

## প্রথম চ্যালেঞ্জ পার করেছে



## একনেকে সাড়ে টাকার ১০ প্র

# নিয়োগ বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমাল্লা-২০২১ ও এর সর্বশেষ পরিমার্জন অনুযায়ী খোর্দ্দ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় (এমপিওভুক্ত) ডাকঘরঃ খোর্দ্দ, উপজেলাঃ কলারোয়া, জেলাঃ সাতক্ষীরা এর জন্য শুণ্যপদে ৭ম গ্রেডে (স্কেল ২৯,০০০ টাকা) ১(এক) জন প্রধান শিক্ষক (এমপিওভুক্ত পদ) নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/সমমানসহ মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক অথবা মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী সহকারী প্রধান শিক্ষক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক হিসেবে ০৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে সর্বমোট ১৫(পনেরো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের ১,৫০০/= (এক হাজার পাঁচশত) টাকার অফেরতযোগ্য পোস্টাল অর্ডার, ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, এন.আই.ডি কার্ডের কপি, প্রথম ও শেষ এমপিও সহ প্রয়োজনীয় এমপিও কপি সত্যায়িত এবং অভিজ্ঞতা সনদ ও প্রতিষ্ঠান প্রধানের অনাপত্তি সনদসহ আগামী ২৫/০৫/২০২৪ ইং তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি বরাবর আবেদন আহবান করা যাচ্ছে।

-সভাপতি
খোর্দ্দ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়
০১৭২৭০০৯২১৭

পবি-২৫৪/২৪

এগিয়ে থাকার জন্য

THE DAILY BHORER DAK

# ভোরের ডাক




'ব্যাড গার্লস'-এ নিঝুম রুবিনা

চিত্রনায়িকা নিঝুম রুবিনা এবার ওয়েব সিরিজে নাম লেখালেন। 'ব্যাড গার্লস' নামে এই ওয়েব সিরিজের কাহিনি, সংলাপ ও চিত্রনাট্য লিখেছেন অনুরূপ আইচ। পরিচালনা করেছেন সেলিম রেজা। ইমরান সরকারের প্রযোজনায় সিনেটেক ওটিটি প্লাটফর্ম ও সিনেটেক ইউটিউবের জন্য বানানো হচ্ছে সিরিজটি। সেলিম রেজা বলেন, 'বর্তমান সমাজের বাস্তবতা ও নানা বিষয় নিয়ে অনুরূপ আইচ সুন্দরভাবে 'ব্যাড গার্লস'র গল্প ও সংলাপ লিখেছেন। মেয়েদের নানা প্রতিবন্ধকতার পাশাপাশি এরপর পৃষ্ঠা ২ কলাম ৩



## সিকান্দারে সালমানের বিপরীতে রাশমিকা

সালমান খানের পরবর্তী সিনেমা 'সিকান্দার'-এ দেখা যাবে দক্ষিণ ভারতীয় জনপ্রিয় অভিনেত্রী রাশমিকা মান্দানাকে। প্রযোজনা প্রতিষ্ঠান নাদিয়াদওয়ালা গ্র্যান্ডসন গতকাল বৃহস্পতিবার সকালে এক্সে রাশমিকার নাম ঘোষণা করে। সাজিদ নাদিয়াদওয়ালা প্রযোজিত এবং এ.আর মুরুগাদোস পরিচালিত সিনেমাটি মুক্তি পাবে আগামী বছরের এরপর পৃষ্ঠা ২ কলাম ৭



বিয়ে করতে চান সোনাক্ষী

অনেক দিন ধরেই শোনা যাচ্ছে ডুবে ডুবে জল খাচ্ছেন বলিউড অভিনেত্রী সোনাক্ষী সিনহা। ২০২২ সালে জোর গুঞ্জন চাউর হয়েছিল, অভিনেতা জহির ইকবালের সঙ্গে বাগদান সম্পন্ন করেছেন তিনি। যদিও পরবর্তীতে বাগদানের খবরটি উড়িয়ে দেন এই নায়িকা। দীর্ঘদিন পর নিজের বিয়ে নিয়ে মুখ খুললেন সোনাক্ষী সিনহা। সম্প্রতি 'দ্য গ্রেট ইন্ডিয়ান কপিল শো'-তে অতিথি হিসেবে হাজির হন শত্রুঘ্ন কন্যা। এ সময় কপিল শর্মা জানতে চান, আলিয়া ভাট, কিয়ারা এরপর পৃষ্ঠা ২ কলাম ৭


রেজি : ডিএ ১২০৭ ॥ বর্ষ ৩৪ সংখ্যা ৪৬ ॥ ঢাকা ॥ শুক্রবার ১০ মে ২০২৪ ॥ ২৭ বৈশাখ ১৪৩১ ॥ ১ জিলক্বদ ১৪৪৫ ॥ ৮ পৃষ্ঠা মূল্য ৫ টাকা ॥ www.dailybhorerdak.com






### বাংলাদেশ ব্যাংকের উদ্যোগ

# সংকট মোকাবিলায় তিন কঠিন সিদ্ধান্ত

**স্টাফ রিপোর্টার :** চলমান উচ্চ মূল্যস্ফীতি ও রিজার্ভ কমে যাওয়ার মতো জটিল পরিস্থিতি মোকাবিলা করে দেশের অর্থনীতিকে চাঙ্গা করতে তিনটি বড় সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক। এসব সিদ্ধান্তের একটি হচ্ছে- ডলারের বিপরীতে টাকার দাম আরও সাত টাকা কমিয়ে ১১৭ টাকা করা হয়েছে। ফলে ডলারের বিপরীতে এক দিনে টাকার সর্বোচ্চ দরপতন হয়েছে। দ্বিতীয়টি হলো-ব্যাংক খাতে ঋণের সুদ হার পুরোপুরি বাজারভিত্তিক করা হয়েছে। ফলে চার বছর আগে ব্যাংকগুলোর ওপর আরোপিত কমান্ড অ্যান্ড কন্ট্রোল মেকানিজম থেকে এটি একটি বড় পরিবর্তন আনা হলো। এছাড়া, বাংলাদেশ ব্যাংক নীতি সুদহার ৫০ বেসিস পয়েন্ট বাড়িয়ে সাড়ে আট শতাংশ করেছে। এ নিয়ে এ বছরে দ্বিতীয়বার সুদহার বাড়ানো হলো। এই তিন সিদ্ধান্ত জন্য আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ঋণের শর্তের সঙ্গে সংশ্লিষ্ট।

বাংলাদেশ ব্যাংকের মুদ্রানীতি কমিটির মতে, বাংলাদেশের অর্থনীতি দুটি গুরুতর চ্যালেঞ্জের মুখোমুখি। একটি হচ্ছে ক্রমবর্ধমান উচ্চ মূল্যস্ফীতি, অন্যটি রিজার্ভ কমে যাওয়া। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, টাকার বিনিময় হার স্থিতিশীল রাখা ও রিজার্ভ কমে

**গত দুই বছরে ডলারের বিপরীতে টাকার দাম ৩৫ শতাংশ কমেছে রিজার্ভ কমেছে অর্ধেকেরও বেশি**

যাওয়া ঠেকাতে বাংলাদেশ ব্যাংক ও সরকার ইতোমধ্যে বেশকিছু উদ্যোগ নিয়েছে। কিন্তু মূল্যস্ফীতি এখনো বেশি। আবার রিজার্ভ পরিস্থিতিও কাঙ্ক্ষিত মাত্রায় বাড়ছে না বলে জানিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। গত বছরের মার্চ থেকে মূল্যস্ফীতি নয় শতাংশের বেশি। গত দুই বছরে ডলারের বিপরীতে টাকার দাম ৩৫ শতাংশ কমেছে। রিজার্ভ কমেছে অর্ধেকেরও বেশি। ফলে দেশে অর্থনৈতিক সংকট তৈরি হয়েছে। তাই ক্রমবর্ধমান ব্যয় মেটাতে কর ও কর আদায়ের পরিধি বাড়ানো চেষ্টা করা হচ্ছে। বুধবার ক্রিস পাপাজর্জিওর নেতৃত্বাধীন আইএমএফের প্রতিনিধি দল ১৫ দিনের বাংলাদেশ সফর শেষে তৃতীয় কিস্তির ঋণ দেওয়ার সিদ্ধান্ত জানিয়েছে। আইএমএফ প্রতিনিধি দল এই সফরে ঋণ কর্মসূচির দ্বিতীয় পর্যালোচনার প্রেক্ষাপটে অর্থনৈতিক ও আর্থিক নীতি নিয়ে আলোচনা হয়েছে।

এক বিবৃতিতে পাপাজর্জিও বাংলাদেশ ব্যাংকের এসব উদ্যোগকে 'সাহসী' উদ্যোগ হিসেবে আখ্যা দিয়েছেন। বাংলাদেশ ব্যাংকের এসব সিদ্ধান্তের অন্যতম লক্ষ্য হলো- টাকার বিনিময় হার পুনর্বিন্যাস ও ক্রলিং পেগ পদ্ধতি চালু করা। স্মার্ট হার বাতিলের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহবুবুর রহমান বলেন, এখন সুদের হার হবে বাজারভিত্তিক। যেহেতু নীতি সুদহার সংশোধন করা হয়েছে এবং স্মার্ট হার বাতিল হয়েছে, তাই সুদের হার বাড়তে পারে। এটি ঋণের সুদ বাড়াবে। তাই এই সিদ্ধান্ত কেন্দ্রীয় ব্যাংককে চাহিদা নিয়ন্ত্রণে সহায়তা করতে পারে। তবে যারা ঋণ নেবেন তাদের জন্য একটি ধাক্কা।

একইভাবে ডলারের বিনিময় হার বাড়িয়ে দেওয়ায় তা রপ্তানিকারক ও প্রবাসীদের জন্য আশীর্বাদ হতে পারে। কারণ তারা ডলারের বিপরীতে বেশি টাকা পাবেন। যদিও আমদানিকারকদের পণ্য আমদানি করতে বেশি টাকা খরচ করতে হবে। বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এরপর পৃষ্ঠা ২ কলাম ১



রাশিয়াকে ... যাবে না, বৈ... হুঁশিয়া...

ভোরের ডাক ... দেশগুলোকে বৈ... সৃষ্টির জন্য অভি... প্রেসিডেন্ট ভ্লাদি... বলেছেন, কাউ... পারমাণবিক শ... দেওয়ার সুযোগ... দ্বিতীয় বিশ্বযুদ্ধে... পরাজয়ের বি... ইউনিয়নের বিজ... এই সতর্কতা ... গতকাল বৃহস্পতি... এই তথ্য জা... রয়টার্স। প্রতি... রাশিয়ার প্রেসি... গতকাল বৃহ... সংঘাতের ঝুঁকি ... দেশগুলোকে অ... বলেছেন, কাউ... পারমাণবিক শ... দেওয়ার সুযোগ... রয়টার্স বলছে, ট... সময় ধরে ইউক্রে... চালাচ্ছে রাশিয়া ...

# নিয়োগ বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ ও এর সর্বশেষ পরিমার্জন অনুযায়ী খোর্দ্দ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় (এমপিওভুক্ত) ডাকঘরঃ খোর্দ্দ, উপজেলাঃ কলারোয়া, জেলাঃ সাতক্ষীরা এর জন্য শুণ্যপদে ৭ম গ্রেডে (স্কেল ২৯,০০০ টাকা) ১(এক) জন প্রধান শিক্ষক (এমপিওভুক্ত পদ) নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/সমমানসহ মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক অথবা মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী সহকারী প্রধান শিক্ষক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক হিসেবে ০৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে সর্বমোট ১৫(পনেরো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের ১,৫০০/= (এক হাজার পাঁচশত) টাকার অফেরতযোগ্য পোস্টাল অর্ডার, ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, এন.আই.ডি কার্ডের কপি, প্রথম ও শেষ এমপিও সহ প্রয়োজনীয় এমপিও কপি সত্যায়িত এবং অভিজ্ঞতা সনদ ও প্রতিষ্ঠান প্রধানের অনাপত্তি সনদসহ আগামী ২৫/০৫/২০২৪ ইং তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি বরাবর আবেদন আহবান করা যাচ্ছে।

সভাপতি, খোর্দ্দ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, ০১৭২৭০০৯২১৭।

সি-৮৪৯/২৪